

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
(পার-৪ অধিশাখা)  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০০২.২১- ১২ ৪

তারিখ: ০৬.০২.২০২১খ্রি:

বিষয়: জুনিয়র কনসালটেন্ট (বিষয়বিহীন) পদসমূহের বিষয়ভিত্তিক বিভাজন সংক্রান্ত।

সভাপতি : অতিরিক্ত সচিব (প্রশাসন)  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
সভার তারিখ : ২৮.০১.২০২১ খ্রি:  
সভার সময় : বেলা ৩.০০ টা।  
সভার স্থান : কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (পার-৪) জানান যে, ১১.০১.২০২১ খ্রি. তারিখ পর্যন্ত দেশের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে সৃজিত ২৮৮টি (জুনিয়র কনসালটেন্ট) পদের বিষয়ের নাম উল্লেখ না থাকায় এসকল পদে পদোন্নতি প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে। ২০০৮ সালের স্ট্যান্ডার্ড সেট আপে জুনিয়র কনসালটেন্ট পদের বিভাজন না থাকায় পদ সৃজনে বিভাজন করা হয়নি। স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত জুনিয়র কনসালটেন্ট পদের বিষয়ভিত্তিক পদের তালিকা অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিসহ সকল আনুষ্ঠানিকতা পালন সাপেক্ষে সংশোধিত জিও জারি করা প্রয়োজন।

০২। ড. মো: আবু রায়হান, চিকিৎসা তত্ত্বাবধায়ক, জাতীয় বক্ষব্যধি ইনস্টিটিউট ও হাসপাতাল জানান যে, সারা দেশে ২৪২টি ক্লিনিক আছে। ২৮৮টি পদের মধ্যে জুনিয়র কনসালটেন্ট এর ০৭টি বিষয়বিহীন পদ রয়েছে। উপপরিচালক, শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ০৯টি বিষয়বিহীন পদের বিভাজন করে সভায় উপস্থাপন করেছেন। পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিওরোসায়েন্সেস ও হাসপাতাল জানান, দেশে চিকিৎসা সেবার মানোন্নয়ের জন্য বড় বড় হাসপাতালগুলোর আউটডোরে মেডিকেল অফিসারে পরিবর্তে ইমার্জেন্সী মেডিকেল অফিসার পদায়ন করা হলে চিকিৎসা নিতে আসা রোগীদের সেবার মান উন্নয়ন হবে এবং সময় ও ভোগান্তি কমবে। তিনি আরো বলেন যে, উপজেলা পর্যায়ে কনসালটেন্টদের কাজ করার সুযোগ না থাকার কারণে তাদের সংযুক্তিতে অন্যত্র চলে আসার প্রবণতা দেখা যায়।

০৩। অতপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. স্বাস্থ্য অধিদপ্তর জুনিয়র কনসালটেন্ট পদের বিভাজনের সুবিধার্থে প্রতিষ্ঠানসমূহে পদ সৃজনের প্রমানক (জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিপত্র এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের পৃষ্ঠাংকিত জিও কপি) এবং পদসমূহের বিবরণ বাংলায় Nikosh ফন্টে সফটকপি এবং হার্ডকপি প্রেরণ করবে।
২. প্রয়োজনীয়তার নিরিখে প্রতিষ্ঠানসমূহ বিষয়ভিত্তিক পদের তালিকাসহ পদ সৃজনের পৃষ্ঠাঙ্কনকৃত জিও প্রেরণ করবে।
৩. ইনস্টিটিউটসমূহের স্ট্যান্ডার্ড সেট আপ প্রনয়ন করতে হবে।

৪। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত  
(মো: মুহিবুর রহমান)  
সভাপতি  
ও  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০০২.২১- ১২৪/১ (১৪)

তারিখ: ০৬.০২.২০২১খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্ম সচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। পরিচালক, শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট, ঢাকা।
- ৫। পরিচালক, ১০০ শয্যা বিশিষ্ট বার্ন ইউনিট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
- ৬। পরিচালক, শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
- ৭। পরিচালক, জাতীয় এ্যাজমা সেন্টার, গুলশান, ঢাকা।
- ৮। পরিচালক, ঢাকা লেপোরোসি হাসপাতাল, গুলশান, ঢাকা।
- ৯। উপপরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট টিবি হাসপাতাল, শ্যামলী, ঢাকা।
- ১০। তত্ত্বাবধায়ক, কামরাঙ্গীরচর ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালবাগ, ঢাকা।
- ১১। উপ সচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ বিষয়ভিত্তিক বিভাজন সংক্রান্ত সভার নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
০৬/০২/২১  
রোকেয়া বেগম  
উপসচিব